**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকার আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে কর্মরত ফ্যাকাল্টি ও মেডিক্যাল অফিসারদের প্রাইভেট প্র্যাকটিসের উপর নিষেধাজ্ঞা জারি করেছে।**

**(২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে খরা পরিস্থিতির কোনো সম্ভাবনা নেই।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ৬৫ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্ম পুরস্কার প্রদান করেছেন।**

**(৪) প্রথম ম্যাচে নড়বড়ে পারফরমেন্সের পর দ্বিতীয় ম্যাচে জয়ের লক্ষ্যে আজ মাঠে নামছে পর্তুগাল।**

***************************************

**Cabinet Meeting :**

রাজ্য সরকার আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে কর্মরত ফ্যাকাল্টি ও মেডিক্যাল অফিসারদের প্রাইভেট প্র্যাকটিসের উপর নিষেধাজ্ঞা জারি করেছে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে জানান, গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তিনি জানান, প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট মেডিক্যাল অফিসারদের মূল বেতনের উপর ২০ শতাংশ হারে বেতন বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে বর্তমানে প্রায় ৩৫০ জন ফ্যাকাল্টি ও মেডিক্যাল অফিসার রয়েছেন।

**************************

**Milk Mou :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের সহায়তায় ত্রিপুরা উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে দুগ্ধ উৎপাদনে প্রথম শ্বেত বিপ্লব আনবে বলে আশা ব্যক্ত করেন। এই লক্ষ্যে আজ আগরতলার সচিবালয়ে ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ড, প্রাণী সম্পদ বিকাশ দপ্তর এবং গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসারস ইউনিয়ন লিমিটেডের মধ্যে ত্রিপাক্ষিক মউ স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রানী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া এবং ন্যাশানাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান ডঃ মিনেশ শাহ।

**************************

**Shyamaprasad :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, "শ্যামাপ্রসাদের অটল প্রত্যয়, সাহসিকতা এবং জাতীয় স্বার্থের প্রতি নিষ্ঠা বর্তমান প্রজন্মকেও অনুপ্রাণিত করে চলেছে। আজ ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বলিদান দিবসে শ্রদ্ধা জানিয়ে তিনি সামাজিক মাধ্যমে একথা বলেন। প্রধানমন্ত্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আদর্শ অনুসরণ করে একটি শক্তিশালী ও বিকশিত ভারত গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশের ঐক্য ও অখণ্ডতা রক্ষায় ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের অবদান চিরকাল বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবে।

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বলিদান দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায়, সাংসদ রাজীব ভট্টাচার্য, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ অন্যান্যরা।

**************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে খরা পরিস্থিতির কোনো সম্ভাবনা নেই। কারণ ইতিমধ্যেই রাজ্যে ১ হাজার মিলিমিটারের বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আজ কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে ভিডিও কনফারেন্স বৈঠকে অংশ নেবার পর তিনি একথা জানান। তিনি জানান, ভার্চুয়ালভাবে আজকের এই বৈঠকে বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রী, সচিব ও উচ্চপদস্থ আধিকারিকগণ অংশগ্রহণ করেন। কৃষিমন্ত্রী আরো বলেন, ভারতবর্ষ বিভিন্ন খাদ্যশস্যে স্বনির্ভর হলেও এল নিনো প্রভাবের কারণে দেশের বিভিন্ন অংশে খরার সম্ভাবনা থাকতে পারে। সে কারণেই কেন্দ্রীয় কৃষিমন্ত্রী সব রাজ্যের কৃষিমন্ত্রীদের নিয়ে আজ এই সতর্কতামূলক বৈঠক করেছেন। তিনি জানান, ভারতীয় আবহাওয়া বিভাগের পূর্বাভাস অনুযায়ী ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলে চলতি বর্ষা মরশুমে স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টি হবে। তাই রাজ্যে খরা পরিস্থিতির সম্ভাবনা নেই।

****************************

**Ambubachi :**

অম্বুবাচি উপলক্ষে মন্দিরে মন্দিরে চারদিন ব্যাপী বিশেষ ধর্মীয় পূজা ও আচার অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মহিলারা মেতে উঠেছেন সিঁদুর খেলায়। আগরতলায় লক্ষ্মী নারায়ণ বাড়ি, আনন্দময়ী কালীবাড়ি, ইন্দ্রনগর কালিবাড়ি, সেন্ট্রাল রোড শিব বাড়িতেও আজ প্রচুর পুন্যার্থীর সমাগম হয়। গুয়াহাটির কামাখ্যা মন্দিরেও অম্বুবাচি উপলক্ষ্যে লক্ষ লক্ষ পুন্যার্থীর সমাগম হয়েছে।

***************************

**STOP Diarrhoea Campaign :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ পুর নিগমের ৩৯ নং ওয়ার্ডের কমিউনিটি হলে পশ্চিম জেলাভিত্তিক 'স্টপ ডায়রিয়া ক্যাম্পেইন-২০২৬'-এর সূচনা করেন। তা চলবে আগামী ৩১শে জুলাই

পর্যন্ত। আগরতলার আশ্রমপাড়া আরবান প্রাইমারি হেলথ সেন্টার আয়োজিত এই কর্মসূচিতে মেয়র শ্রী মজুমদার বলেন, প্রতিটি শিশুকে ডায়রিয়াজনিত রোগের হাত থেকে রক্ষা করতেই মূলত রাজ্যব্যাপী এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Padma Award :**

রাষ্ট্রপতি ভবনে আজ অনুষ্ঠিত হয়েছে পদ্ম পুরস্কার প্রদান অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব, সিভিল ইনভেস্টিচার সেরিমনি-টু। অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ পদ্ম পুরস্কার প্রদান করেন।

এবার প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মোট ১৩১টি পদ্ম পুরস্কার ঘোষণা করা হয়েছিল। এর মধ্যে রয়েছে ৫টি পদ্ম বিভূষণ, ১৩টি পদ্ম ভূষণ এবং ১১৩টি পদ্মশ্রী। পুরস্কারপ্রাপকদের মধ্যে ১৯ জন নারী রয়েছেন এবং ১৬ জনকে মরণোত্তর সম্মানে ভূষিত করা হয়েছে। পুরস্কারপ্রাপ্তরা শিল্প ও

সংস্কৃতি, সাহিত্য ও শিক্ষা, চিকিৎসা, ক্রীড়া, সমাজসেবা, জনজীবন, বিজ্ঞান ও প্রকৌশল, বাণিজ্য ও শিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এই সম্মান লাভ করেছেন।

আজ দ্বিতীয় পর্বের পদ্ম পুরস্কার প্রদান অনুষ্ঠানে মোট ৬৫ জন বিশিষ্ট ব্যক্তিকে সম্মানিত করা হয়। এর মধ্যে ২ জন পদ্মবিভূষণ, ৭ জন পদ্ম ভূষণ এবং ৫৬ জন পদ্মশ্রী পুরস্কার গ্রহণ করেন।

**************************

**Package Story-Padma Award :**

রাজ্যের সাহিত্য ও শিক্ষাক্ষেত্রে নিরলস অবদানের জন্য ২০২৬-এ দেশের সর্বোচ্চ অসামরিক সম্মানের অন্যতম পদ্মশ্রী পেলেন প্রবীন ককবরক সাহিত্যিক ও শিক্ষাবিদ নরেশচন্দ্র দেববর্মা। নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে আজ রাজ্যের এই প্রবীন কৃতিকে সম্মান তুলে দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। একটি প্রতিবেদন।

#######VC######

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৫তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৬ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**CM-Olympic Association :**

আজ আন্তর্জাতিক অলিম্পিক দিবস। এই উপলক্ষে আজ সকালে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকে এক পদযাত্রার আয়োজন করা হয়। বেলুন উড়িয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পদযাত্রার সূচনা করেন। এর আগে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে ঘোষণা করা যে, ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশন ভারতীয় অলিম্পিক এসোসিয়েশনের অনুমোদন লাভ করেছে। অনুষ্ঠানে ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার হাতে ভারতীয় অলিম্পিক এসোসিয়েশনের অনুমোদন পত্রটি তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা।

****************************

**FIFA World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ তিনটি ম্যাচে গ্রুপ 'জে' থেকে আর্জেন্টিনা, এবং গ্রুপ 'আই' থেকে ফ্রান্স ও নরওয়ে পরপর দুটি ম্যাচ জিতে রাউন্ড অফ ৩২ নিশ্চিত করেছে। অন্যদিকে গ্রুপ 'জে' তে আলজেরিয়া জর্ডনকে ২-১ গোলে হারিয়ে নকআউটের আশা বাঁচিয়ে রেখেছে।

ভারতীয় সময় আজ রাত সাড়ে দশটায় পর্তুগাল মুখোমুখি হবে উজবেকিস্তানের। এরপর রাত দেড়টায় ইংল্যান্ড খেলবে ঘানার বিরুদ্ধে। আর আগামীকাল ভোর সাড়ে চারটেয় পানামার প্রতিপক্ষ ক্রোয়েশিয়া।

****************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের পরিচালনায় মেয়েদের ঘরোয়া টি-২০ ক্রিকেটের আসর আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উদ্বোধনী দিনে

চারটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৮৫ রানে কর্নেল কোচিং সেন্টারকে ও তরুণ সংঘ কোচিং সেন্টার ১৩৫ রানে জিবি প্লে সেন্টারকে পরাজিত করে। এদিকে এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় এগিয়ে চলো সংঘ ১৪৯ রানে ইউনাইটেড বি এস টিকে এবং মৌচাক ক্লাব ৮ উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************